Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

# DU in Media

১২ জ্যৈষ্ঠ ১৪৩২ | 26 May 2025

## The Country Today



Meeting of Ramna DC with DU VC

### Significant progress in Samy murder investigation, report to be submitted soon

DU Correspondent

Police have reported significant progress in the investigation into the murder of Shahriar Alam Samy, a brilliant student of Dhaka University's Institute of Education and Research. They will soon submit the investigation report.

Senior law enforcement officials shared this information during a meeting with Dhaka University Vice-Chancellor Professor Dr. Niaz Ahmed Khan on Sunday.

During the meeting, Dhaka University Proctor Associate Professor Saifuddin Ahmed, Continued to page 2

### Significant progress

Dhaka Metropolitan Police (DMP) Ramna Division Deputy Police Commissioner (DC) Md. Masud Alam, Assistant Police Commissioner (Patrol) Md. Amzad Hossain, and Shahbagh Police Station Officer-in-Charge (OC) Khalid Monsur were present.

The police stated that, in the interest of further investigation, it is not possible to disclose all the progress made so far. In addition to those arrested, several others have been interrogated based on the information provided by them. The names of a few more individuals have emerged during these interrogations, and operations to apprehend them are ongoing.

## The Bangladess Today

### DU VC, DMP DC discuss Samya murder probe

DHAKA: The police have said that there has been significant progress in the investigation into the murder of Shahriar Alam Samya, a meritorious student of the Dhaka University Institute of Education and Research. They will submit the investigation report soon. Senior officials of the law enforcement agencies met with Dhaka University Vice-Chancellor Professor Dr. Niaz Ahmed Khan yesterday, on Sunday, and informed him of this information, a press release said.

At the time, Dhaka University Proctor Associate Professor Saifuddin Ahmed, Dhaka Metropolitan Police (DMP) Ramna Division Deputy Police Commissioner (DC) Md. Masud Alam, Assistant Police Commissioner (Petrol) Md. Amjad Hossain, and Shahbagh Police Station Officer-in-Charge (OC) Khalid Mansur were present.

At the meeting, the police said that it is not possible to inform everyone about the progress made so far in the interest of further investigation. Along with the arrested persons, several others have been interrogated based on their information. Several more names have been found during interrogation. The operation to arrest them is ongoing.

It is worth noting that immediately after the murder of Samya, the Dhaka University administration is trying to ensure a fair trial and strengthen security measures on the campus. For this purpose, the administration is maintaining continuous contact with the concerned parties.

## দৈনিক বর্তমান

ঢাবি উপাচার্যের সঙ্গে ডিএমপির রমনা বিভাগের ডিসি'র সাক্ষাৎ

### সাম্য হত্যার তদন্তে উল্লেখযোগ্য অগ্রগতি শিগগিরই তদন্ত প্রতিবেদন



ঢাবি প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের মেধাবী শিক্ষার্থী শাহরিয়ার আলম সাম্য হত্যার তদন্তে উল্লেখযোগ্য অগ্রগতি হয়েছে বলে জানিয়েছে পুলিশ। শিগগিরই তারা তদন্ত প্রতিবেদন দাখিল করবেন। আজ ২৫ মে রবিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের সঙ্গে দেখা করে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর ঊর্ধ্বতন কর্মকর্তারা এ তথ্য জানান।

এসময় ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদ, ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি)-এর রমনা বিভাগের উপ পুলিশ কমিশনার (ডিসি) মো. মাসুদ আলম, সহকারী পুলিশ কমিশনার (পেট্রোল) মো. আমজাদ হোসেন এবং শাহবাগ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) খালিদ মনসুর উপস্থিত ছিলেন। বৈঠকে পুলিশ জানায়, অধিকতর তদন্তের স্বার্থে এখন পর্যন্ত যে অগ্রগতি হয়েছে সেটি সবাইকে জানানো সম্ভব হচ্ছে না। গ্রেফতারকৃতদের পাশাপাশি তাদের দেয়া তথ্যমতে আরও বেশ কয়েকজনকে জিজ্ঞাসাবাদ করা হয়েছে। জিজ্ঞাসাবাদে আরও কয়েকজনের নাম পাওয়া গেছে। তাদের গ্রেফতারে অভিযান অব্যাহত রয়েছে। উল্লেখ্য, সাম্য হত্যার পরপরই এর সুষ্ঠু বিচার নিশ্চিত ও ক্যাম্পাসে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করতে সচেষ্ট রয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয় প্রশাসন। এ লক্ষ্যে প্রশাসনের পক্ষ থেকে সংশ্লিষ্টদের সঙ্গে নিরবচ্ছিন্ন যোগাযোগ রাখা হচ্ছে।

## আমার দেশ




ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান ১২৬তম জন্মবার্ষিকী উপলক্ষে রোববার জাতীয় কবি কাজী নজরুল ইসলামের সমাধিতে ফুলেল শ্রদ্ধা জানান

© আমার দেশ

## দেশ রুপান্তর




কাজী নজরুল ইসলামের জন্মবার্ষিকী উপলক্ষে গতকাল কবির সমাধিতে ঢাবির ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা জানান

দেশ রূপান্তর

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

# DU in Media

১২ জ্যৈষ্ঠ ১৪৩২

26 May 2025

## নয়া দিগন্ত



জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ১২৬তম জন্মবার্ষিকী উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের নেতৃত্বে শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীরা গতকাল কবির সমাধিতে পুষ্পস্তবক অর্পণ করে মুনাজাত করেন

# জাতীয় কবি নজরুল ইসলামের ১২৬তম জন্মবার্ষিকী উদযাপিত

● নয়া দিগন্ত ডেস্ক

যথাযোগ্য মর্যাদায় জাতীয় কবি নজরুল ইসলামের ১২৬তম জন্মবার্ষিকী উদযাপিত হয়েছে। এ উপলক্ষে গতকাল বিভিন্ন সংগঠন ও প্রতিষ্ঠান ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) কেন্দ্রীয় মসজিদের পাশে জাতীয় কবির মাজারে ফুল দিয়ে শ্রদ্ধা জানায় এবং তার রূহের মাগফিরাত কামনা করেন। এ ছাড়া দেশের বিভিন্ন স্থানে দিনটি উপলক্ষে নানা আয়োজন করা হয়।

১ম পৃষ্ঠার পর

শিল্পকলা একাডেমির সভাপতিত্বে জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে আয়োজিত অনুষ্ঠান উদ্বোধন শেষে সাংবাদিকদের এসব কথা বলেন তিনি।

উপদেষ্টা বলেন, জাতীয় কবি নজরুল ইসলাম বর্ণাঢ্য চরিত্রের অধিকারী ছিলেন। তাকে নিয়ে সিনেমা বানালে বিশ্বব্যাপী সমাদৃত হবে। জাতীয় কবির দর্শন অনেক উপকারী ছিল। নজরুল ইনস্টিটিউট সেগুলো অনুবাদের কাজ করছে। এখানে সরকারি কোনো প্রোপাগান্ডা থাকবে না। একটা সঠিকতার কাজ হবে। কারণ ৫ আগস্টের পরে আমরা একটি নতুন অধ্যায়ে প্রবেশ করেছি। আপনার যদি গত জুলাই মাসজুড়ে আন্দোলনের দিকে তাকান তাহলে দেখবেন নজরুল কী রকমভাবে প্রাসঙ্গিক হয়ে উঠেছিল। দেয়ালের লেখনীতে দেখবেন নজরুলের কবিতা, গান কিভাবে ব্যবহৃত হয়েছিল। এটি কিন্তু শিল্পের শক্তি যে আজ থেকে ১০০ বছর আগে তিনি কোথায় বসে গান কবিতা লিখেছেন। উনি কখনো জানতেন না বাংলাদেশের মানুষ তার গান ও কবিতার অবলম্বন হয়ে উঠবে। আর উপরে অবলম্বন করে তারা একটি বড় গণ-অভ্যুত্থান পরিচালনা করবে। শিল্পের শক্তি নজরুলের শক্তি। এবারের প্রতিপাদ্য বিষয় 'চব্বিশের গণ-অভ্যুত্থান ও কাজী নজরুলের উত্তরাধিকার'।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সংস্কৃতিবিষয়ক সচিব মো: মফিদুর রহমান। প্রবন্ধ উপস্থাপন করেন লেখক সলিমুল্লাহ খান। স্বাগত বক্তব্য রাখেন কুমিল্লা জেলা প্রশাসক মো: আমিরুল কায়ছার। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন জাতীয় কবি কাজী নজরুল ইসলাম ইনস্টিটিউটের নির্বাহী পরিচালক মো: লতিফুল ইসলাম শিবলী, কবি আবদুল হাই শিকদার, জেলা পুলিশ সুপার নাজির আহমেদ খান।

এ দিকে আজ সোমবার ২য় দিন (২৬ মে) জেলার মুরাদনগর উপজেলার দৌলতপুরে এবং শেষ দিন ২৭ মে কুমিল্লা জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে নজরুল জন্মবার্ষিকী অনুষ্ঠিত হবে।

জাতির আলোচনা সভা

দিনটি উপলক্ষে কবির মাজারপ্রাঙ্গণে এক স্মরণসভার আয়োজন করে ঢাকা বিশ্ববিদ্যালয়। এতে প্রধান অতিথির বক্তব্যে ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান জাতীয় কবি কাজী নজরুল ইসলামের জীবন ও সাহিত্যকর্ম থেকে শিক্ষা গ্রহণের ওপর গুরুত্বারোপ করে বলেন, কাজী নজরুল ইসলামের জীবন ও সাহিত্যকর্ম অন্যায়ের বিরুদ্ধে প্রতিবাদ অব্যাহত রাখার শিক্ষা দেয়। সর্বাবস্থায় সাম্য ও শান্তি বজায় রেখে নিজেদের মধ্যে ইস্পাত কঠিন ঐক্য ধরে রাখার শিক্ষাও আমরা নজরুলের সাহিত্যকর্ম থেকেই পাই।

এ ছাড়া প্রোভিসি (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা এবং কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম জাহাঙ্গীর আলম চৌধুরীও বক্তব্য রাখেন। বাংলা একাডেমির মহাপরিচালক ও ঢাকা বিশ্ববিদ্যালয় বাংলা বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ আজম 'চব্বিশের গণ-অভ্যুত্থান ও কাজী নজরুলের উত্তরাধিকার' শীর্ষক স্মারক বক্তৃতা দেন করেন। বাংলা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. সিরাজুল ইসলাম (সিরাজ সালেকীন) অনুষ্ঠান সঞ্চালনা করেন। সঙ্গীত বিভাগের শিক্ষক-শিক্ষার্থীরা অনুষ্ঠানে নজরুল সঙ্গীত পরিবেশন করেন।

ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বলেন, নজরুলকে বুঝতে এবং তার সাহিত্যের গভীরতা অনুধাবন করতে হলে একজন সচেতন পাঠকের মানুষ হতে হবে।

জাতীয় কবিকে তিনি সাম্যের কবি, বিদ্রোহের কবি, প্রেমের কবি, শান্তির কবি ও সংগ্রামী কবি হিসেবে অভিহিত করে বলেন, ব্যক্তিজীবনেও কাজী নজরুল ইসলাম বহুমাত্রিক গুণের অধিকারী ছিলেন। তার এই বহুমাত্রিকতা যুগে যুগে আমাদের অনুপ্রেরণার উৎস হয়ে থাকবে।

তিনি বলেন, অধিকতর উন্নয়ন প্রকল্পের আওতায় ঢাকা বিশ্ববিদ্যালয়ে বেশ কিছু হলো নির্মাণের পরিকল্পনা রয়েছে। জাতীয় কবির অবদানের স্বীকৃতিস্বরূপ তার নামে একটি হলের নামকরণের বিষয়টি আমরা আন্তরিকভাবে বিবেচনায় রেখেছি।

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯



**ইত্তেফাক**




শিক্ষাপ্রতিষ্ঠানে ছাত্র সংসদ নির্বাচন ও ছাত্রদল নেতা সাম্য হত্যার বিচা[illegible]বিতে গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্র অধিকার পরিষদের বিক্ষোভ —ইত্তেফাক

# জাতীয় সরকার গঠনসহ চার দাবিতে ছাত্র অধিকার পরিষদের বিক্ষোভ সমাবেশ

■ বিশ্ববিদ্যালয় রিপোর্টার

জাতীয় ছাত্র কাউন্সিল গঠন, সাম্য হত্যার বিচার এবং জাতীয় সরকার গঠনের দাবিতে বিক্ষোভ সমাবেশ করেছে বাংলাদেশ ছাত্র অধিকার পরিষদ।

রবিবার সকাল সাড়ে ১১টার দিকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাজু ভাস্কর্যে এ বিক্ষোভ সমাবেশ হয়।

এ সময় ছাত্র অধিকার বাংলাদেশ কেন্দ্রীয় দপ্তর সম্পাদক মোহাম্মাদ আলী ত্বোহা বলেন, ৫ আগস্ট গণঅভ্যুত্থান-পরবর্তী বাংলাদেশ ছাত্র-জনতার সব শ্রেণি-পেশার মানুষের বাংলাদেশ, কিন্তু আমরা লক্ষ্য করছি, যে ছাত্র-জনতা তাদের রক্তের বিনিময়ে নতুন বাংলাদেশ উপহার দিয়েছে তারাই বারবার নিপীড়িত হচ্ছে, এ কেমন বৈষম্য? ছাত্রদের মৌলিক অধিকার ছাত্র সংসদ নির্বাচন কিন্তু তার জন্য কেন অনশনে বসতে হবে শিক্ষার্থীদের?

তিনি দাবি জানান, অনতিবিলম্বে সব শিক্ষাপ্রতিষ্ঠানে ছাত্র সংসদ নির্বাচন দিতে হবে। গণঅভ্যুত্থান-পরবর্তী বাংলাদেশে বঞ্চিত শিক্ষকরা ভিসি, প্রো-ভিসি হয়েছে, অন্যরা উপদেষ্টা হয়েছেন-সচিব হয়েছেন কিন্তু শিক্ষার্থীরা কী পেয়েছে, এখনো কিছুই পায়নি। এটা জাতির জন্য লজ্জাজনক।

সমাবেশ থেকে চার দফা দাবি ঘোষণা করেন ছাত্র অধিকার পরিষদের নেতাকর্মীরা। দাবিগুলো হলো—১. জাতীয় সরকার গঠন; ২. ক্রিয়াশীল সব ছাত্র সংগঠন নিয়ে জাতীয় ছাত্র কাউন্সিল গঠন ; ৩. সব শিক্ষাপ্রতিষ্ঠানে শিক্ষার্থী সংসদ নির্বাচন এবং ৪. দ্রুততম সময়ে সাম্য হত্যার বিচার নিশ্চিত করা।